

# বঙ্গভাষিক কবি সম্মেলন

## অনুষ্ঠিত লামড়িৎ কলেজে

### উজ্জ্যোক্তা সাহিত্য অকাদেমি



অনিমেষ মজুমদার  
লামড়িৎ। ১৬ সেপ্টেম্বর

সাহিত্য ‘অকাদেমি’ ও ‘লামড়িৎ’ কলেজের বাংলা বিভাগের উদ্যোগে আয়োজিত বঙ্গভাষিক কবি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এই কবি সম্মেলনে লামড়িৎের বেশ কয়েকজন নামী ও উদীয়মান কবি অংশগ্রহণ করেন। কবি সম্মেলনে লামড়িৎ কলেজের অধ্যাপক অধ্যাপিকা সহ বহু ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। এদিনের এই কবি সম্মেলনে মৌসুমী কংসবণিক এবং নারায়ণ দত্তের

‘বাংলা নির্বাচিত সাহিত্য টীকা :  
প্রাচীন ও মধ্যযুগ’ এবং সঞ্জয় ভট্টাচার্যের ‘হামসফর ও সঙ্গীরা’  
নামক দুটি গ্রন্থের উন্মোচন করেন।  
কবি সম্মেলনের সভাপতি তথা  
নেপালী সাহিত্য আকাদেমি  
পুরস্কারপ্রাপ্ত কবি কে বি নেপালী।

দেবরাজ মিলি অসমিয়ায়, সঞ্জয় ভট্টাচার্য বাংলায়, বিলাইশ্বী ব্ৰহ্ম  
বড়ো ভাষায়, মাইফাল কেম্পৱাই  
ডিমাসায় এবং লঙ্ঘবীর তেরং কাৰ্বি  
ভাষায় কবিতা পাঠ করে উপস্থিত  
সবাইকে মুঢ় করেন। সাহিত্য  
অকাদেমির তরফে ■ পৃষ্ঠা-১০

## বঙ্গভাষিক কবি সম্মেলন

### অনুষ্ঠিত লামড়িৎ কলেজে

উল্লিখিত ছয়জন স্বনামধন্য কবিকে এই বঙ্গভাষিক কবি সম্মেলনে  
বিশেষভাবে আমন্ত্রণ করা হয়েছিল কবিতাপাঠের জন্য। এদের মধ্যে কে বি  
নেপালী হলেন মেঘদূত কাব্যের অনুবাদের জন্য সাহিত্য আকাদেমি  
পুরস্কারপ্রাপ্ত।

এছাড়া অসমিয়া কবি দেবরাজ মিলি ‘মোক্ষদাবালা দন্ত স্মৃতি গজালি যুব  
পুরস্কার পেয়েছেন। বাঙালি কবি সঞ্জয় ভট্টাচার্য ‘টুকরো টুকরো বিষম  
আহুদ’ কাব্যগ্রন্থের জন্য ব্যাপক সমাদৃত হয়েছেন। বিলাইশ্বী ব্ৰহ্ম  
ভাষার একজন খ্যাতনামা কবি। মাইফাল কেম্পৱাই ডিমাসা ভাষায় এবং  
লঙ্ঘবীর তেরং কাৰ্বি ভাষায় কবিতা লিখে জনপ্রিয়তা অর্জন করেছেন। কবি  
সম্মেলনে বিশিষ্ট অতিথি হিসাবে উপস্থিত ছিলেন লামড়িৎ কলেজের  
প্রিসিপাল ড. মুণ্ডাকান্তি পাল।